

# ক্যাম্পাস সন্ত্রাসীদের শ্রেফতারের নির্দেশ

**আবদুল্লাহ আল ফারুক**  
ক্যাম্পাস সন্ত্রাসীদের শ্রেফতার করার জন্য পুলিশ প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে। সেখানে বিএনপি'র সন্ত্রাসী থাকলে তাদের আগে শ্রেফতার করতে বলা হয়েছে। গতকাল আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটির বৈঠকে এই নির্দেশ দেয়া হয়। বৈঠকে গত কয়েক দিনের আইন-শৃঙ্খলা 'মোটাটুকি' বলে

সন্তোষ প্রকাশ করে পুলিশ প্রশাসনকে টহল ও অস্ত্র উদ্ধার কার্যক্রম আরও জোরদার করতে বলা হয়েছে। বৈঠক সূত্রে এ তথ্য জানা গেছে।  
সন্ত্রাসী : পৃষ্ঠা : ৬ কলাম : ৪

## সন্ত্রাসী : শ্রেফতারের নির্দেশ (শেষ পৃষ্ঠার পর)

গতকাল বেলা ১টা মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়ার সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার হওদুদ আহমদ, বরট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী, স্বাস্থ্যমন্ত্রী আবদুল্লাহ আল নোমান, শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, বরট্র প্রতিমন্ত্রী মুৎসুদ্দামান কাবর, বরট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব ড. সা দত্ত হোসাইন, পুলিশের আইজিসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।  
বৈঠক শেষে আবদুল মান্নান ভূঁইয়া বলেন, 'গত কয়েক দিনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হয়েছে। ডেকোরাস্ট স্থাপন, যৌথ অভিযান ও সাদা পোশাকে পুলিশ মোতায়েনসহ যেসব পরামর্শাদি পদক্ষেপ নেয়া হয়েছিল তা থেকে সুফল আসতে শুরু করেছে। কিছু গুরুত্বপূর্ণ মার্ভারের আসামিকে শ্রেফতার করা হয়েছে। তাই এখন পুলিশের সদস্য সংখ্যা বৃদ্ধি ও প্রশিক্ষণসহ দীর্ঘমেয়াদি পদক্ষেপগুলো বাস্তবায়নের দিকে নজর দেয়া হচ্ছে।  
মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'বচমেয়াদি পদক্ষেপ যে সুফল পাওয়া যাচ্ছে বৈঠকে তাতে সন্তোষ প্রকাশ করা হয়েছে। চাকর্যাকর মামলাগুলোর ক্রু ও মোটিভ বের করতে একটু সময় লাগবে। তবে এ কাজটি দ্রুত করতে বলা হয়েছে। তিনি বলেন, 'তর্ককর্তা ও এসআইসহ পুলিশে সাড়ে ৫ হাজার লোক নিয়োগ করা হবে। ইতিমধ্যেই পিএসসিকে চিঠি লিখতে বলা হয়েছে। পুলিশ প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে, 'গত আগামী মাস থেকে নিয়োগ প্রতিষ্ঠা শুরু হয়। এছাড়া দ্রুত বিচার আইনে এ পর্যন্ত ১০৫টি

মামলা হয়েছে। এর মধ্যে ৯টির বিচার কাজ শেষে অপরাধীদের শাস্তি হয়েছে। এক্ষেত্রে ত্বরাজ্ঞা সাক্ষী পাওয়া গেছে। তবে কিছু কিছু ক্ষেত্রে ভয়ে সাক্ষীরা সাক্ষ্য দিতে আসছেন না। পুলিশের প্রতি নির্দেশ দেয়া হয়েছে যে, সাক্ষীর অভাবে যেন মামলা বাদ না পড়ে।  
বৈঠক সূত্রে জানা গেছে, পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গত কয়েক দিনে দেড় হাজার লোককে শ্রেফতার করার পর অধিকাংশই ছেড়ে দেয়া হয়েছে তারা নিরীহ-নিরপরাধ হওয়ায়। তবে যাদের শ্রেফতার করে রাখা হয়েছে তাদের মধ্যে অনেক চিহ্নিত অপরাধী আছে। শীর্ষ সন্ত্রাসী কামাল পাশা ও চিহ্নিত সন্ত্রাসী হান্নাত শ্রেফতার করা হয়েছে। সন্ত্রাসীদের আঁকড়া বিএনপি বন্দি ভেঙে সরকারের ২৩ কোটি টাকার সম্পত্তি উদ্ধার করা হয়েছে।  
এতে মন্ত্রিপরিষদ কমিটি কিছুটা সন্তোষ প্রকাশ করলেও বিশ্ববিদ্যালয়গুলোর সন্ত্রাসীদের শ্রেফতার, রান্নাখানীতে সংগঠিতভাবে যেসব হত্যাকাণ্ড হচ্ছে তার পেছনে মাফিয়াচক্র রয়েছে কিনা তা চিহ্নিত করা টহল বৃদ্ধি, চট্টগ্রামে বৌদ্ধ ভিক্ষু হত্যাকারীদের শ্রেফতার ও পার্বত্য চট্টগ্রামে পুরোহিত হত্যাকাণ্ডের সঙ্গে ছড়িত শ্রেফতারকৃতদের দ্রুত বিচার এবং অস্ত্র উদ্ধার অভিযান জোরদার করার নির্দেশ বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলোর দলমত নির্বিশেষে সন্ত্রাসীদের শ্রেফতারের ক্ষেত্রে কোন হকম আপস চলবে না বলে কড়া নির্দেশ দেয়া হয়। এ ব্যাপারে বলে দেয়া হয়েছে যে, সন্ত্রাসী যদি বিএনপি'র হয় সেক্ষেত্রে তাদের আগে শ্রেফতার করতে হবে।

কর্মকর্তারা